অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লাইসেন্সকৃত গাঁজা ডিসপেনসারি যাচাইকরণ ব্যবস্থা উন্মোচন করলেন

প্রথম বৈধ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য বিক্রির পূর্বে উন্মোচন হলো, যাচাইকরণ ব্যবস্থা ভোক্তাদের অবগত করে যে ডিসপেনসারিটির লাইসেন্স আছে এবং পরীক্ষিত, নিরাপদতর পণ্য বিক্রি করছে

প্রতিটি বৈধভাবে বিক্রিত গাঁজা পণ্যকে নিয়ন্ত্রিত হিসেবে আখ্যা দিতে সার্বজনীন প্রতীকের ব্যবহার

আসন্ন "কেন বৈধ কিনবেন" ক্যাম্পেইনটি গাঁজা ভোক্তাদের নিয়ন্ত্রিত, লাইসেন্সকৃত ডিসপেনসারি থেকে নিরাপদতর বিকল্প ক্রয়ের ব্যাপারে জানাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে "নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সকৃত গাঁজা ডিসপেনসারি (New York State Licensed Cannabis Dispensary)" যাচাইকরণ ব্যবস্থা উন্মোচন করলেন যা বৈধভাবে লাইন্সেসকৃত খুচরা ডিসপেনসারির জানালায় লাগানো হবে, যেগুলি এই বছর শেষ হওয়ার পূর্বেই খুলে দেওয়ার কথা রয়েছে। এই আখ্যা নিশ্চিত করবে যে ভোক্তারা জানে তারা নিউ ইয়র্ক স্টেট নিয়ন্ত্রিত একটি ডিসপেনসারি থেকে ক্রয় করছে। বিক্রিত প্রতিটি পণ্যের একটি সার্বজনীন প্রতীকও দেখাবে যে এটি স্টেটের নির্ধারিত মানদণ্ড অনুসরণ করছে। এই সম্মিলন ভোক্তাদের নিশ্চয়তা দিবে যে তারা একটিই পরীক্ষিত, নিয়ন্ত্রিত পণ্য পেয়েছে।

"নিউ ইয়র্কের গাঁজা ভোক্তাদের জন্য অপরীক্ষিত, অবৈধ পণ্য ক্রয়ের ঝুঁকি বুঝতে পারা, এবং যেই নিরাপদতর, বৈধ বাজার খুলতে যাচ্ছে সেদিকে তাদের নির্দেশিত করার ব্যবস্থা থাকা তাদের জন্য অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "এই ব্যবস্থা জনস্বাস্থ্য রক্ষায় এবং আমাদের আইন অনুযায়ী সকলের জন্য সমান গাঁজা বাজার প্রদান করার আমাদের ক্ষমতাকে জোরদার করতে সাহায্য করবে। আমরা স্টেটজুড়ে মিউনিসিপ্যালিটিগুলিতে আমাদের অংশীদারদের সাথে কাজ করে যাবো আইন প্রয়োগ করতে এবং অবৈধ বিক্রেতাদের বন্ধ করতে যারা নিউ ইয়র্কবাসীকে ঝুঁকিগ্রস্ত করতে পারে এমন পণ্য বিক্রি করেছে।"

যখন 2023 সালের প্রথম চতুর্থাংশে দোকান খুলতে থাকবে, তখন স্টেটও একটি গণশিক্ষা ক্যাম্পেইন প্রকাশ করবে যার নাম "নিউ ইয়র্কে কেন বৈধ কিনবেন (Why Buy Legal New York)", যা নিউ ইয়র্ক স্টেটের গাঁজা ভোক্তাদেরকে বৈধ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা কেনার

লাভ ব্যাখ্যা করবে। ক্যাম্পেইনটি অপরীক্ষিত, অবৈধ পণ্য ক্রয়ের ঝুঁকি, এবং কীভাবে এই পণ্যগুলি দেশের সর্বোচ্চ সমতার ও অন্তর্ভুক্তিকর গাঁজা বাজার তৈরি করার নিউ ইয়র্কের গাঁজা আইনের লক্ষ্যকে ক্ষতিগ্রস্ত করে তা আলোচনা করবে।

গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের (Cannabis Control Board) প্রধান ট্রেমাইন রাইট বলেন, "আজকে গভর্নর হোকলের উন্মোচিত ডিসপেনসারি যাচাইকরণ ব্যবস্থা, নিয়ন্ত্রিত পণ্যে সার্বজনীন প্রতীকের আবশ্যিকতার সাথে মিলিত হয়ে আমাদের কাজ সঠিকভাবে শুরু করলো।ভোক্তাদের জন্য এটি জানা ও বিশ্বাস করা অতি গুরুত্বপূর্ণ যে নতুন, বৈধ গাঁজা বাজার পরীক্ষিত পণ্য প্রদান করে এবং জনস্বাস্থ্য রক্ষার্থে নির্ধারিত প্রটোকল অনুসরণ করে।কঠোর প্রয়োগের সাথে মিলিত হয়ে এই প্রচেষ্টাগুলি একটি স্থিতিশীল, বৈধ বাজার গঠনে সাহায্য করবে।"

গাঁজা ব্যবস্থাপনা অফিসের (Office of Cannabis Management) নির্বাহী পরিচালক ক্রিস আলেক্সান্ডার বলেন, "আমরা যেই সমতার, বৈধ, প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজার বাজার তৈরি করছি তা জোরদার করতে আমাদের কাছে থাকা সকল হাতিয়ার ব্যবহার করবো, এবং গভর্নর হোকলের আজকে উন্মোচিত ডিসপেনসারি যাচাইকরণ ব্যবস্থা সেই প্রক্রিয়ার একটি ধাপ। আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী দল বাফেলো থেকে নিউ ইয়র্ক সিটিতে এর অংশীদারিত্ব বিস্তৃত করছে এবং কর্মকাণ্ড বৃদ্ধি করছে এবং সকল অবৈধ দোকান ও ট্রাক বন্ধ করার আগপর্যন্ত তা করে যাবে।"

আজকে উন্মোচিত ডিসপেনসারি যাচাইকরণ ব্যবস্থা প্রতিটি বৈধভাবে লাইন্সেসকৃত ডিসপেনসারির সামনের জানালায় লাগানো হবে। এখানে থাকবে একটি QR কোড যা ভোক্তা ও স্থানীয় সম্প্রদায়ের সদস্যরা স্ক্যান করতে পারবে। পাশাপাশি, একই ধরনের একটি সংস্করণ সেই লাইসেন্সধারীদের জন্য উপলভ্য থাকবে যারা ডেলিভারির মাধ্যমে বিক্রি শুরু করতে আগ্রহী।

বিক্রিত প্রতিটি পণ্যে এছাড়াও একটি "সার্বজনীন প্রতীক" থাকবে যা এটিকে একটি পরীক্ষিত, নিয়ন্ত্রিত পণ্য হিসেবে আখ্যা দিবে। ভোক্তাদের উচিত দোকানের সামনে ডিসপেনসারি যাচাইকরণ ব্যবস্থা এবং পণ্যের লেবেল উভয় দেখা যাতে নিশ্চিত করা যায় যে তারা একটি নিরাপদতর পণ্য ক্রয় করছে। এই "সার্বজনীন প্রতীকের" উদাহরণ পাওয়া যাবে এখানে, "মোড়কজাতকরণ ও লেবেল লাগানো" এর অধীনে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418